

356

মহাবিদ্যালয় চাই

আমরা পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ থানাধীন ৫ নম্বর কাকড়াবুনিয়া ইউনিয়নের দেউলী বৈদ্যপাশা গ্রামের অধিবাসী। অত্র গ্রামসহ কলাগাছিয়ান দেউলী, রানীপুর, চত্রা, লেমুয়া, মকুমা, সোনাপুরা, কাকড়াবুনিয়া, কেওয়াবুনিয়া, গাবুয়া, গাজীপুরা, ভাটামারা, বেতাগী, কাউনিয়া, কাজির হাট, ছোপখালী, জলিসা প্রভৃতি এলাকা ঘনবসতিপূর্ণ। উল্লেখিত এলাকাগুলি হইতে ২৫ কিলোমিটার দূরে সুবিদখালী কলেজ। যোগাযোগ ব্যবস্থা এখনও অনুন্নত। বলার অপেক্ষা রাখে না যে, বর্তমানযুগে শিক্ষার কোন বিকল্প নাই। বর্তমান সরকার শিক্ষার প্রসার ও উন্নয়নে অগ্রাধিকার দিয়াছেন। এমতাবস্থায়, অত্র অঞ্চলের ছেলে মেয়েদের উচ্চশিক্ষার সুবিধার্থে দেউলী-বৈদ্যপাশা মুইস ঘাটে (বাধ ঘাটা) বেরের ধন নদীর দক্ষিণ পাড়ে একটি মহাবিদ্যালয় নির্মাণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

মোঃ আজিজুর রহমান,
প্রধান শিক্ষক,
গাজীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়,
মোঃ আবদুর রশীদ মিয়া,
সভাপতি,
মধ্য দক্ষিণ কলাগাছিয়া বিজি,
প্রাথমিক বিদ্যালয়, পটুয়াখালী।